

## 💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ ছবি-মূর্তি রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মূর্তি বা পুতুল তৈরির কারখানায় চাকরি করা বৈধ কি?

এমন কারখানায় চাকরি বৈধ নয়। বৈধ নয় এমন শিল্প ও ছবি নির্মাতাদের উপার্জন। যেহেতু ইসলামে তা হারাম, তার ব্যবসা হারাম, তাতে কোন প্রকার সহযোগিতা করে চাকরি করা হারাম।

আল্লাহর রাসুল (সঃ) সুদখোর, সুদদাতা, সুদের লেখক এবং তার উভয় সাক্ষদাতাকে অভিশাপ করেছেন। আর বলেছেন, " পাপে ওরা সকলেই সমান।" ( মুসলিম ১৫৯৮ নং )

মদের ব্যপারে তিনি বলেছেন, 'মদ পানকারীকে, মদ পরিবেশনকারীকে, তার ক্রেতা ও বিক্রেতাকে, তার প্রস্তুতকারককে, যার জন্য প্রস্তুত করা হয় তাকে, তার বাহকে ও যার জন্য বহন করা হয় তাকে আল্লাহ অভিশাপ করেছেন।' ( আবু দাউদ ৩৬৭৪, ইবনে মাজাহ ৩৩৮০ নং )

ইবনে মাজাহর বর্ণনায় আছে, ' তার মূল্য ভক্ষণকারীও ( অভিশপ্ত )' ( সহিহুল জামে ৫০৯১ নং )

Source — https://www.hadithbd.com/books/link/?id=2080

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন